**শর্তাবলীঃ**

(১) ২০২৪-২০২৫ অর্থ বছরে এ বরাদ্দের বিপরীতে প্রকল্প বাস্তবায়ন আগামী ৩০-০৩-২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

(২) এ কর্মসূচির অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও সংশ্লিষ্ট টিআর কর্মসূচির নির্দেশিকা ২০২১ এ বর্ণিত অনুশাসনাবলী ৪নং অনুচ্ছেদ যথাযথভাবে অনুসরণ করতে হবে।

(৩) এই ব্যয় চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরের বাজেট কোড নং ১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২১১০১ ( ibas কোড ১৪৯০১০১-১২০০০১৯০৪০০০০০০-৩৭২১১০১) খাত হতে নির্বাহ করতে হবে।

(৪) প্রকল্পের দ্বৈততা পরিহার করতে হবে।

(৫) বরাদ্দ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে পিআইসি গঠনসহ আনুষংগিক কাজ সম্পন্ন করে কাজ শুরু নিশ্চিত করা। অব্যয়িত টাকা যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে।

(৬) প্রস্তাবিত/গৃহিত প্রকল্প সরেজমিন পরিদর্শনপূর্বক বরাদ্দকৃত টাকা ছাড় করতে হবে।

(৭) প্রি-ওয়ার্ক মেজারমেন্ট/ প্রাক্কলন (কেবলমাত্র মাটির কাজের জন্য) ব্যতীত প্রকল্পের সম্পদ ছাড় করা যাবে না। প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করা, জাতে কর্মোত্তর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়।

(৮) নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত নগদ অর্থ ফেরত নেয়াসহ দেশের প্রচলিত আইন/ বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(৯) প্রকল্প সুষ্ঠু বাস্তবায়নে সরকারী কর্মকর্তাদের তদারকি/ জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে।

(১০) বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মসজিদ, মন্দির রক্ষণাবেক্ষণ উন্নয়ন প্রকল্পে ইমাম/ পুরোহিতকে পিআইসির সভাপতি করতে হবে।

(১১) অর্থ ছাড় (ডিও) করার পূর্বে প্রকল্প তালিকা উপজেলার Facebook Page ও ওয়েব পোর্টালে প্রদর্শন করে এ অফিসকে অবহিত করতে হবে।

(১২) প্রকল্প বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন প্রতি সপ্তাহে নির্ধারিত ছকে অত্রাফিসে প্রেরণ করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করতে হবে।

(১৩) নিরীক্ষার জন্য যথাযথ হিসাব/ মাষ্টাররোল/ ভাউচার তার দপ্তরে সংরক্ষণ করতে হবে।

(১৪) এসাথে বরাদ্দপত্র সংযুক্ত করা হলো।

Rakib 20.03.25

(রাকিবুল ইসলাম)
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (অঃ দাঃ)
জেলা প্রশাসক লালমনিরহাট এর পক্ষে।
ফোনঃ ০২৫৮৯৯৮৬৮৭৯ (অঃ)
মোবাইলঃ ০১৭০০-৭১৬৭৩১
drrolalmoni@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার
লালমনিরহাট সদর/ আদিতমারী/ কালীগঞ্জ/ হাতীবান্ধা/ পাটগ্রাম, লালমনিরহাট।

২০/৩/২৫

স্মারক নং ৫১.০১.৫২০০.০০০.৪১.০১৫.২৫-১৩৯,

০৬ চৈত্র, ১৪৩১
তারিখঃ--------------------
২০ মার্চ, ২০২৫

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরিত হলোঃ

১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
২। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, লালমনিরহাট।
৩। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, আদিতমারী/ কালীগঞ্জ/ হাতীবান্ধা/ পাটগ্রাম, লালমনিরহাট।
৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, লালমনিরহাট সদর/ আদিতমারী/ কালীগঞ্জ/ হাতীবান্ধা/ পাটগ্রাম, লালমনিরহাট।
৫। সিএ টু ডিসি, লালমনিরহাট। জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৬। অফিস কপি।

Rakib 20.03.25

(রাকিবুল ইসলাম)
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (অঃ দাঃ)
জেলা প্রশাসক লালমনিরহাট এর পক্ষে।

২০/৩/২৫